বনানীতে বিনামূল্যে প্রাণী চিকিৎসা ক্লিনিকের উদ্বোধন করলেন তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রাণীদের জন্য ফ্রি চিকিৎসা সেবা নিশ্চিত করতে রাজধানীর বনানীতে একটি বিনামূল্যের এনিমেল ক্লিনিক চালু করা হয়েছে। বিএনপি চেয়ারম্যান ও বাংলাদেশ এনিমেল ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক তারেক রহমান বুধবার এ ক্লিনিকের উদ্বোধন করেন।

বাংলাদেশ এনিমেল ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন (বাওয়া)-এর উদ্যোগে কে ব্লকের ২৪ নম্বর রোডের ১৮ নম্বর ভবনে ক্লিনিকটি স্থাপন করা হয়েছে। এখানে অসুস্থ ও আহত প্রাণীদের বিনামূল্যে চিকিৎসা দেওয়া হবে।

সংগঠনের পক্ষ থেকে জানানো হয়, "দেশ হোক সকল প্রাণের নিরাপদ আশ্রয়"— এই লক্ষ্য সামনে রেখে তারা দীর্ঘদিন ধরে প্রাণী ও পরিবেশ সংরক্ষণে কাজ করছে। ঢাকা শহরে জরুরি পরিস্থিতিতে প্রাণীদের জন্য একটি ফ্রি অ্যাম্বুলেন্স সেবাও তারা পরিচালনা করছে।

তাদের প্রত্যাশা, এই ক্লিনিকের মাধ্যমে শুধু প্রাণীদের জীবনরক্ষা নয়, মানুষের মধ্যেও প্রাণী সুরক্ষার সচেতনতা আরও বাড়বে।

LENS ASIA